



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদ্রাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com



বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/চট্ট-২৯৪/২০১৯/১৩০৮৬

তারিখ: ১৭ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০২ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

কোরপাই কাকিয়ারচর ইসলামিয়া ফাজিল মাদ্রাসা, ডাকঘরঃ কোরপাই, উপজেলাঃ বুড়িচং, জেলাঃ কুমিল্লা-এর ফাজিল স্নাতক(পাস)বি,এ/বিএস.এস স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ০৬.০৩.২০২৩ খ্রিঃ তারিখের জমাকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদ্রাসাটির ফাজিল স্নাতক (পাস) বি,এ/বিএস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০২৩ খ্রিঃ থেকে ২৬.০৪.২০২৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

শর্তসমূহ :

১. একাডেমিক কমিটি গঠন করে নিয়মিত ক্লাস এবং শিক্ষার্থীদের নিয়মিত ক্লাসে উপস্থিতি পর্যবেক্ষণ করে রিপোর্ট সংরক্ষণ করত: পাবলিক পরীক্ষাগুলোতে পরীক্ষার্থী সংখ্যা বৃদ্ধিতে সচেষ্ট হতে হবে।
২. ছুটি রেজিস্ট্রারের মাধ্যমে সকল ধরনের ছুটির তথ্য হালনাগাদ রাখতে হবে।
৩. ক্রয়, অভ্যন্তরীণ অডিট, অর্থ, একাডেমিক এবং অভ্যন্তরীণ পরীক্ষা পরিচালনা কমিটি গঠন করতে হবে।
৪. মাদ্রাসার লাইব্রেরি কক্ষে পড়াশোনার জন্য উপযুক্ত পরিবেশ তৈরীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৫. "হৃদয়ে বঙ্গবন্ধু" কে স্বতন্ত্র কক্ষে স্থানান্তর করে মুক্তিযুদ্ধ বিষয়ক প্রামাণ্যচিত্রের ছবি এং বই দিয়ে আরো সমৃদ্ধ করতে হবে।
৬. সকল ধরনের আয়-ব্যয়ের খাত পৃথক ও স্পষ্টভাবে উল্লেখ করে ক্যাশ কলামনার বই হালনাগাদ করতে হবে।
৭. মাদ্রাসার সকল কক্ষের নাম বাংলার পাশাপাশি আরবিতে লিখতে হবে এবং সাইনবোর্ডে " ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" লিখতে হবে।
৮. সহকারী কমিশনার (ভূমি) কর্তৃক মাদ্রাসার নামে অখন্ড জমির হালনাগাদ মূল সনদ এবং দূরত্ব সনদের কপি মাদ্রাসায় সংরক্ষণ করতে হবে।
৯. ক্রয় সংক্রান্ত সকল কাজে পিপিআর-২০০৬/ পিপিআর-২০০৮ অনুসরণ করতে হবে।
১০. অর্থ ও প্রশাসনিক সকল কাজ ফাইল নোট অনুমোদনের মাধ্যমে সম্পন্ন করতে হবে।
১১. মাদ্রাসার প্রশাসনিক/আর্থিক/একাডেমিক কাজে ব্যবহৃত বিভিন্ন রেজিস্ট্রার খাতা/ডায়েরী হালনাগাদ করে পৃষ্ঠা নম্বরসহ অধ্যক্ষের স্বাক্ষরযুক্ত প্রত্যয়ন যুক্ত করতে হবে।
১২. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

David 02.10.2023

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৭১৪-২০২০৬৬

অধ্যক্ষ

কোরপাই কাকিয়ারচর ইসলামিয়া ফাজিল মাদ্রাসা

ডাকঘরঃ কোরপাই, উপজেলাঃ বুড়িচং, জেলাঃ কুমিল্লা।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/চট্ট-২৯৪/২০১৯/১৬০৮৬

তারিখ: ১৭ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০২ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৪। পি.এস টু জিসি (দায়িত্বপ্রাপ্ত), ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
- ৫। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৬। সভাপতি, কোরপাই কাকিয়ারচর ইসলামিয়া ফাজিল মাদ্রাসা, ডাকঘরঃ কোরপাই, উপজেলাঃ বুড়িচং, জেলাঃ কুমিল্লা।
- ৭। অফিস নথি।

Siddique 02.10.2023

(মুহাম্মদ লুৎফুর রহমান)

সেকশন অফিসার

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইলঃ ০১৯৭০-৮৭৭৮৭৮